

অতীব জরুরী  
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৮৬৬৫.০১৭.৯৯.০০১.১৫. ৪২০

তারিখ : ৩০ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।  
১৩ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলার ১০ নং চরভাগা ইউনিয়ন পরিষদের সীমানা নির্ধারণ বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫৩৩/২০১৬ দায়ের হওয়ায় উক্ত ইউনিয়ন পরিষদের নির্বাচন স্থগিত রাখার আবেদন।

সূত্র : জনাব দেলোয়ার হোসেন বেপারী, চেয়ারম্যান, ১০ নং চরভাগা ইউপি, ভেদরগঞ্জ, শরীয়তপুর এর আবেদন, তারিখ : ৩১/০৩/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জনাব দেলোয়ার হোসেন বেপারী, চেয়ারম্যান, ১০ নং চরভাগা ইউপি, ভেদরগঞ্জ, শরীয়তপুর এ বিভাগের সচিব মহোদয় বরাবর আবেদন করে জানান যে, চরভাগা ইউনিয়নের ৫নং ওয়ার্ডটি আনুমানিক এক কিলোমিটার এবং ৬নং ওয়ার্ডটির আনুমানিক দেড় কিলোমিটার পদ্মা নদীর ভাঙ্গনে বিলীন হয়ে গিয়েছে। ফলে উক্ত ইউনিয়নের সীমানা পুনঃনির্ধারণ ও ভোটার তালিকা পুনর্নির্ন্যাস না হওয়া পর্যন্ত উক্ত ইউনিয়নের নির্বাচন স্থগিতকরণ বিষয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৫৩৩/২০১৬ দায়ের করেন। উক্ত রিটের শুনানী-অন্তে ০৯ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়েছেঃ


"Let a Rule Nisi be issued calling upon the respondents to show cause as to why direction should not be given upon the respondents to rearrange the voters and fix the boundary of the Wards being Nos.2,7,8 and 9 of Charbhaga Union Parisad, Post Office-Charbhaga, Police Station, Upazilla-Bhedorganj, District-Shariatpur under section 13(1) of স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ and to dispose of the application dated 13.12.2015 (Annexure-D) submitted to the Upazilla Nirbahi Officer, Bhedorganj, Shariatpur (the respondent No.3) by the petitioner filed in this regard and/or such other or further order or orders passed as to this Court may seem fit and proper.

The Rule is made returnable within 2 (two) weeks from date.

The petitioner is directed to put in requisites within 48 hours."

০২. এমতাবস্থায়, রীট পিটিশন নং-১৫৩৩/২০১৬ এর আদেশ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

  
(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলানগর, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, শরীয়তপুর।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগেরওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।